

# বাউবি পরিক্রমা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ■ প্রকাশকাল: ভাদ্র-আশ্বিন ১৪২০, সেপ্টেম্বর ২০১৩









# বাউবি পরিক্রমা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

প্রকাশকাল: ভাদ্র-আশ্বিন ১৪২০, সেপ্টেম্বর ২০১৩

## মহামান্য রাষ্ট্রপতি-কে অভিনন্দন



***মোঃ আবদুল হামিদ***
*মহামান্য রাষ্ট্রপতি*
*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ*

মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, বিচক্ষণ রাজনীতিবিদ ও অভিজ্ঞ পার্লামেন্টারিয়ান, বাংলাদেশ জাতীয় সংসদের সাবেক স্পীকার এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর মোঃ আবদুল হামিদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ- এর ২০তম মহামান্য রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

## বাউবি'র উপাচার্য পদে বিশিষ্ট শিক্ষাবিদ ও ব্যবস্থাপনা বিশেষজ্ঞ প্রফেসর ড. এম এ মাননান এর যোগদান

বিশিষ্ট শিক্ষাবিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষক প্রফেসর ড. এম এ মাননান ২৪ মার্চ, ২০১৩ তারিখে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ব-বিদ্যালয় (বাউবি)-এর সপ্তম উপাচার্য পদে দায়িত্বভার গ্রহণ করেন।



***অধ্যাপক ড. এম এ মাননান***
*ভাইস-চ্যান্সেলর*

উপাচার্য হিসেবে বাউবি'তে যোগদান করার সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ তাঁকে ফুলেল শুভেচ্ছায় অভিষিক্ত করেন। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে এক শুভেচ্ছা বক্তব্যে তিনি এ বিশ্ববিদ্যালয়কে আরো এগিয়ে নিয়ে যাবার জন্য সকলকে নিরলসভাবে কাজ করার আহ্বান জানান। কৃতি ও বর্ণাঢ্য শিক্ষাজীবনের অধিকারী এই খ্যাতিমান শিক্ষাবিদ ব্যবস্থাপনা শাস্ত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়, দিল্লী বিশ্ববিদ্যালয়, ম্যানচেষ্টার বিশ্ববিদ্যালয় ইউ কে এবং ওয়েস্টার্ন কিন্টাকী বিশ্ববিদ্যালয়, আমেরিকা থেকে উচ্চশিক্ষা গ্রহণ করেছেন।

ব্যবস্থাপনা শিক্ষায় দেশের প্রথিতযশা শিক্ষকদের মধ্যে প্রফেসর ড. এম এ মাননান অন্যতম ব্যক্তিত্ব। প্রফেসর ড. এম এ মাননান দেশে বিদেশে বহু আন্তর্জাতিক ও দেশীয় সংস্থায় উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন। শিক্ষানুরাগী প্রফেসর ড. এম এ মাননান-এর বেশ কিছু প্রকাশনা ও গবেষণাপত্র আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে।



*নব নিযুক্ত উপাচার্য মহোদয়কে বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন।*

এ সংখ্যায় যা থাকছে


- প্রয়াত রাষ্ট্রপতির স্মরণে শোকসভা
- প্রো-উপাচার্যের যোগদান
- বাউবিতে ৯ অধ্যাপকের যোগদান
- বাউবি'র বাজেট ঘোষিত
- ডীন ও পরিচালকদের ল্যাপটপ প্রদান
- আপগ্রেডেশনের মাধ্যমে পদোন্নতি
- উপাচার্যের শ্রীলংকা গমণ
- প্রো-উপাচার্যের নেপাল গমণ
- আলোকচিত্রে বঙ্গবন্ধু
- রাশিয়ায় বাউবি'র কর্মকর্তা
- ই-লার্নিং প্রশিক্ষণ
- অনলাইন এডুকেশন সেমিনার
- বাউবিতে ইফতার মাহ্ফিল
- ই-লার্নিং সেন্টারের কার্যক্রম
- সান্ধ্যকালীন লাইব্রেরি কার্যক্রম

## প্রয়াত রাষ্ট্রপতি মোঃ জিল্লুর রহমান স্মরণে বাউবি'তে শোক সভা



প্রয়াত রাষ্ট্রপতি জিল্লুর রহমান জাতির রাজনৈতিক ক্রান্তিকালে দূরদর্শী নেতৃত্ব দিয়েছেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সম্মেলন কক্ষে প্রয়াত রাষ্ট্রপতি জিল্লুর রহমান স্মরণে গত ২০ এপ্রিল ২০১৩ তারিখ শনিবার আয়োজিত এক শোক ও স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর চেয়ারম্যান খ্যাতনামা শিক্ষাবিদ ও বিজ্ঞানী অধ্যাপক ড. এ. কে আজাদ চৌধুরী এ কথা বলেন।

তিনি আরও বলেন, জাতির প্রয়োজনে গণতন্ত্র পুনরুদ্ধারে জিল্লুর রহমান রাজনৈতিক সংকটকালে শক্ত হাতে রাজনীতির হাল ধরেন। বিরোধী দলের প্রতিও তাঁর ছিলো সমান নৈতিকতাবোধ। বাংলাদেশের রাজনীতির স্রোতধারায় জিল্লুর রহমান ছিলেন অসাধারণ একজন মানুষ। দীর্ঘ রাজনৈতিক জীবনে বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত ও নেতৃত্বের গুণাবলী সম্বলিত একজন দেশ দরদী নিরঅহংকার মানুষ ও বিরল ব্যক্তিত্বের অধিকারী ছিলেন জিল্লুর রহমান।



*প্রয়াত রাষ্ট্রপতি মোঃ জিল্লুর রহমান স্মরণে বাউবি'তে আয়োজিত শোক ও স্মরণ সভায় দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করছেন অধ্যাপক ড. এ. কে আজাদ চৌধুরী, অধ্যাপক ড. এম এ মাননান, প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও প্রফেসর শফিক আহমেদ সিদ্দিক।*



*প্রয়াত রাষ্ট্রপতি মোঃ জিল্লুর রহমান স্মরণে বাউবি'তে আয়োজিত শোক ও স্মরণ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন অধ্যাপক ড. এ. কে আজাদ চৌধুরী।*

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাউবি'র প্রো-উপাচার্য প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের প্রফেসর শফিক আহমেদ সিদ্দিক।

সভাপতির বক্তব্যে উপাচার্য বলেন, বর্তমান যুগে জিল্লুর রহমান-এর মত মানুষ খুবই বিরল। তিনি দলমত নির্বিশেষে সবার কাছে একান্ত প্রিয় মানুষ ছিলেন। তাঁর মত রাজনীতিবিদের এদেশে আজ খুবই প্রয়োজন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন কর্মকর্তা সমিতির সভাপতি হিমায়েত মিয়া ও কর্মচারী সমিতির ভারপ্রাপ্ত সভাপতি গোলাম মাওলা। শোক ও স্মরণ সভা অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## বিশিষ্ট সমাজবিজ্ঞানী ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন -এর বাউবি'র প্রো-উপাচার্য পদে যোগদান



***অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন***
*প্রো-ভাইস চ্যান্সেলর*

বিশিষ্ট শিক্ষাবিদ, সমাজবিজ্ঞানী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের দূর্যোগ ব্যবস্থাপনা ও নাজু-কতা অধ্যয়ন ইন্সটিটিউট-এর শিক্ষক প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) প্রো-উপাচার্য পদে ২৩ সেপ্টেম্বর ২০১২ তারিখে দায়িত্বভার গ্রহণ করেন।

বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সমিতি ফুলের তোড়া দিয়ে নব-নিযুক্ত প্রো-উপাচার্যকে অভিনন্দন জানান। প্রো-উপাচার্য পদে দায়িত্ব পালনকালে তিনি বিশ্ববিদ্যালয়ের সকলের নিকট সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞানে অনার্সসহ এমএসএস এবং জনসংখ্যা বিষয়ে এমএসএস ডিগ্রি অর্জন করেন। একই সাথে তিনি নিউজিল্যান্ড-এর ম্যাসি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ.ডি. ডিগ্রি অর্জন করেন। শিক্ষানুরাগী প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন-এর অনেকগুলো প্রকাশনা রয়েছে। এছাড়াও তিনি সামাজিক গবেষণা কাজের সাথে সংশ্লিষ্ট রয়েছেন।

## বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলে ০৯ জন শিক্ষকের অধ্যাপক পদে যোগদান

উপাচার্য হিসেবে দায়িত্ব গ্রহণের পর প্রফেসর ড. এম এ মাননান বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলে সিনিয়র শিক্ষকদের শূন্যপদসমূহ দ্রুত পূরণের জন্য ব্যবস্থা গ্রহণ করেন। সে লক্ষ্যে অধ্যাপক ড. এম এ মাননান-এর যোগদানের পর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ০৫ টি স্কুলে ০৯ জন শিক্ষককে অধ্যাপক পদে নিয়োগ দেওয়া হয়। স্কুল অব এডুকেশনে ড. মোঃ মোহসিন উদ্দীন, অধ্যাপক (গণিত); এমএস সুফিয়া বেগম, অধ্যাপক (প্রাণিবিজ্ঞান); ড. সেলিনা আক্তার, অধ্যাপক (সামাজিক বিজ্ঞান); ড. সোয়াইব আহমেদ, অধ্যাপক (বাংলা) ও ড. এ এস এম গোলাম মরতুজা, অধ্যাপক (অর্থনীতি) পদে যোগদান করেন। সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলে ড. মোঃ হাবিবুর রহমান, অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান) পদে, ওপেন স্কুলে ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক (পদার্থবিজ্ঞান) পদে, স্কুল অব বিজনেস-এর জনাব মোস্তফা আজাদ কামাল, অধ্যাপক (অর্থনীতি) পদে এবং কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলে ড. মোঃ ফরিদ হোসেন, অধ্যাপক (কৃষি) পদে যোগদান করেন।

## বাউবি'র ২২৫ কোটি ২১ লক্ষ টাকার বাজেট অনুমোদন



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য ২২৫ কোটি ২১ লক্ষ টাকার বাজেট গত ২৫ জুন, ২০১৩ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ঢাকা সিটি অফিসে উপাচার্যের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরস্-এর ১৩৭তম সভায় অনুমোদিত হয়েছে। বাউবি'র উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। ২০১৩-২০১৪ অর্থ বছরের বাজেটে রাজস্ব খাতের মোট বরাদ্দের মধ্যে শিক্ষা আনুষঙ্গিক খাতে ৬৭.০১ শতাংশ, বেতন ভাতাদি ও অন্যান্য খাতে ৩২.৯৯ শতাংশ বরাদ্দ রাখা হয়েছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম বৃদ্ধির জন্য বাজেটে উন্নয়ন খাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়েছে।

# বিশ্ববিদ্যালয়ের ডীন ও পরিচালকদের ল্যাপটপ প্রদান



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর ০৬ টি স্কুলের ডীন ও ১১ টি বিভাগের পরিচালককে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান আনুষ্ঠানিকভাবে গত ২১ আগস্ট ২০১৩ বুধবার উপাচার্যের কনফারেন্স কক্ষে ল্যাপটপ প্রদান করেন। বিশ্ববিদ্যালয়ের কাজে গতিশীলতা বৃদ্ধি, দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও সার্বক্ষণিকভাবে তথ্য অবহিত থাকার লক্ষ্যে এ ল্যাপটপ ব্যবহারের ওপর গুরুত্ব আরোপ করা হয়। উপাচার্য সকল ডীন ও বিভাগীয় পরিচালকের দাপ্তরিক কাজে এ ল্যাপটপ ব্যবহারের মাধ্যমে প্রশাসনে আরও গতিশীলতা আসবে বলে আশা করেন। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগের পরিচালক ও সিস্টেম ম্যানেজার ল্যাপটপ প্রদান অনুষ্ঠানে সকলকে এর ব্যবহারে সহযোগিতা প্রদান করবেন বলে মতামত ব্যক্ত করেন। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## আপগ্রেডেশন প্রক্রিয়ায় বিশ্ববিদ্যালয়ের ১৮৩ জনকে কর্মচারী থেকে কর্মকর্তা পদে উন্নীত

১৯৯২ সালে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) প্রতিষ্ঠার পর প্রথমবারের মত বাউবি'তে আপগ্রেডেশন প্রক্রিয়ায় কর্মচারীদের মধ্য থেকে ১৮৩ জন কর্মকর্তা পদে উন্নীত হয়েছে। এদের মধ্যে প্রশাসনিক কর্মকর্তা পদে ৯১ জন, সেকশন অফিসার পদে ২৪ জন, হিসাবরক্ষণ কর্মকর্তা পদে ০৬ জন, টেকনিক্যাল অফিসার পদে ০৩ জন, ক্যামেরাম্যান পদে ০৩ জন, প্রযোজক পদে ০৪ জন এবং মুখ্য রূপকার পদে ০২ জন সর্বমোট ১৮৩ জন কর্মকর্তা পদে উন্নীত হয়েছে। দীর্ঘদিন পর আপগ্রেডেশন প্রক্রিয়ার মাধ্যমে কর্মকর্তা পদে উন্নীত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের কর্মচারীগণ সন্তোষ প্রকাশ করেন। আপগ্রেডেশন-এর মাধ্যমে উন্নীত কর্মকর্তাগণকে মাননীয় উপাচার্য ও মাননীয় প্রো-উপাচার্য ধন্যবাদ জানান এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে তাঁরা অবদান রাখবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

## বাউবি উপাচার্যের শ্রীলংকা গমণ

শ্রীলংকায় অনুষ্ঠিত বৃটিশ কাউন্সিল কর্তৃক আয়োজিত South Asia Policy Dialogue এ অংশগ্রহণের জন্য বাউবি'র উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান ১৭-০৬-২০১৩ তারিখ হতে ২০-০৬-২০১৩ তারিখ পর্যন্ত শ্রীলংকা ভ্রমণ করেন। উক্ত সেমিনারে বাউবির উপাচার্য মহোদয় "Transforming higher education in South Asia: Best practices in higher education delivery modules" পেপার উপস্থাপন করেন। এই কর্মশালায় ১০টি দেশ থেকে শতাধিক শিক্ষাবিদ, উপাচার্য, বিশ্ববিদ্যালয়-সমূহের প্রশাসক, বিভিন্ন দেশের ইউজিসি'র চেয়ারম্যান ও সদস্যসহ শিক্ষকগণ উপস্থিত ছিলেন। শ্রীলংকা, ভারত, পাকিস্তান, মালদ্বীপ, যুক্তরাষ্ট্রসহ ১০টি দেশ থেকে প্রতিনিধিবৃন্দ এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

## বাউবি প্রো-উপাচার্যের নেপাল গমণ

বাউবি'র প্রো-উপাচার্য প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রধানগণের কমিটির অষ্টম সভায় The Eighth Meeting of the Committee of Heads of University Grants Commission-এ অংশগ্রহণের জন্য ১৬-০৪-২০১৩ তারিখ হতে ১৯-০৪-২০১৩ তারিখ পর্যন্ত নেপাল ভ্রমণ করেন।

## ওপেন স্কুলের ডীন-এর ভারত ও কেনিয়া গমণ

বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুলের ডীন, প্রফেসর ড. সাদিয়া আফরোজ সুলতানা ভারতের নয়াদিল্লীতে ১৩-১৫ মার্চ, ২০১৩-তে অনুষ্ঠিত "Education for All Role of Open Schooling" শীর্ষক সম্মেলনে অংশ গ্রহণ করে ওপেন স্কুলিং-এর মাধ্যমে নারী শিক্ষার বিস্তার বিষয়ক একটি প্রবন্ধ উপস্থাপন করেন। পরবর্তীতে তিনি ১৬ মার্চ, ২০১৩ তারিখে অনুষ্ঠিত Commonwealth Open Schooling Association (COMOSA)-এর বার্ষিক সাধারণ সভা ও ১৭ মার্চ, ২০১৩ তারিখে অনুষ্ঠিত COMOSA Gender Workshop-এ অংশগ্রহণ করেন। এছাড়াও ড. সাদিয়া আফরোজ সুলতানা কেনিয়ার নাইরোবীতে Commonwealth of Learning (COL) কর্তৃক আয়োজিত ৬-৭ জুন, ২০১৩ তারিখে অনুষ্ঠিত OER & Copyright Policy সম্পর্কিত সিম্পোজিয়ামে অংশগ্রহণ করেন।

## রাশিয়ায় অনুষ্ঠিত ২৭ তম সামার ইউনিভার্সাইড গেম্‌স-এ বাউবি কর্মকর্তার অংশগ্রহণ



রাশিয়া ফেডারেশনের অন্তর্ভুক্ত টার্টাস্থানের রাজধানী কাজান শহরে ১-২০ জুলাই, ২০১৩ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত ২৭তম সামার ইউনিভার্সাইড গেম্‌স-এ বাউবি'র তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার বাংলাদেশ আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থার প্রতিনিধি হিসেবে বিশ্বপর্যায়ের এই ক্রীড়া উৎসবে যোগদান করেন। একই সঙ্গে তিনি বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের প্রতিনিধি হিসেবে ফেডারেশন ইন্টারন্যাশনাল স্পোর্টস ইউনিয়ন (ফিস্যু) এর সাধারণ সভায় যোগদান করেন। বাংলাদেশ থেকে চার সদস্যের একটি ক্রীড়া দল এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। উল্লেখ্য, জনাব মোঃ আবুল কাসেম শিখদার আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থার সদস্য সচিব হিসেবে ২০০৮ থেকে ২০১৩-এর জুলাই পর্যন্ত দায়িত্ব পালন করেছেন।

## পররাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব-এর বাউবি পরিদর্শন




বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মাসউদ মান্নান, এনডিসি গত ০৬ জুন, ২০১৩ তারিখে বাউবি'র গাজীপুরস্থ প্রধান ক্যাম্পাস পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি মাননীয় উপাচার্য ও মাননীয় প্রো-উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাত করেন। মাননীয় উপাচার্য অতিরিক্ত সচিব মহোদয়কে নিয়ে বাউবি'র মিডিয়া সেন্টার পরিদর্শন করেন। পরিদর্শনকালে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশের উন্মুক্ত দুরশিক্ষা ক্ষেত্রে বাউবি মিডিয়া সেন্টারের ভূমিকা সম্পর্কে তিনি অবহিত হন। একই সাথে তিনি বাউবি'র মনোমুগ্ধকর ক্যাম্পাস ও শিক্ষা কার্যক্রম অবহিত হন।



## ই-লার্নিং বিষয়ক প্রশিক্ষণ ও সনদ বিতরণ

KOICA Aided ICT প্রকল্পের অধীনে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর শিক্ষকদের জন্য ৬-৮ মে এবং ১৫-২৮ মে ২০১৩ তারিখ পর্যন্ত বাউবি'র শিক্ষক কনফারেন্স কক্ষে KOICA আয়োজিত ই-লার্নিং বিষয়ক প্রশিক্ষণ প্রোগ্রামের আয়োজন করা হয়। এ প্রশিক্ষণ প্রোগ্রামে প্রথম পর্যায়ে বাউবি'র ডীন, অধ্যাপকসহ সর্বস্তরের ৭৪ জন শিক্ষক এবং দ্বিতীয় পর্যায়ে ৪৮ জন শিক্ষক অংশগ্রহণ করে e-Learning Development, Video Taping & Editing, Web Developing, Course Administration and Management বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। এই প্রশিক্ষণ প্রোগ্রামে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন সিনিয়র কনসালটেন্ট Dr. Yong Shik Kim বাউবি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও KOICA Aided ICT প্রকল্পের পরিচালক ড. এম. ফজলে আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাউবি'র উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান। উপাচার্য বলেন, তথ্য প্রযুক্তি উন্মুক্ত দূরশিক্ষা কার্যক্রম বাস্তবায়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষকদের তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণের মাধ্যমে এ দক্ষতা আরও বাড়ানো হলো। অনুষ্ঠানের বিশেষ অতিথি বাউবি'র প্রো-উপাচার্য প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ই-লার্নিং-এর গুরুত্বের ওপর জ্ঞানগর্ভ বক্তৃতা প্রদান করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, MS Kim Bok Hee, Residence Representative, KOICA-Bangladesh, Mr. Kim Jae Hwan, Auditor, KOICA Mission, Prof. Dr. Abul Hossain Ahmed Bhuiyan, Registrar, Dr. Md. Shafiqul Alam, Joint Director (Training). অনুষ্ঠান ব্যবস্থাপনায় ছিলেন প্রশিক্ষণ শাখার সহকারী পরিচালক একেএম ইফতেখার খালিদ।

## বাউবি'তে অন লাইন এডুকেশন সিস্টেম বিষয়ক সেমিনার




উন্মুক্ত ও দূরশিক্ষণ নির্ভর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আমেরিকান সুফোক ইউনির্ভাসিটির দূরশিক্ষণ বিশেষজ্ঞ প্রফেসর ড. মওদুদুর রহমান ২৬ মে, ২০১৩ রবিবার, বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স হলে অন লাইন এডুকেশন সিস্টেম শীর্ষক বক্তৃতা প্রদান করেন। বাউবি উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে বাউবি'র বিভিন্ন স্কুলের শিক্ষক ও মিডিয়া বিভাগের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সেমিনারে অন লাইন এডুকেশন সিস্টেম তথ্য প্রযুক্তির ব্যবহার ও ই-লার্নিং শিক্ষা ব্যবস্থা সম্পর্কে আলোকপাত করা হয়।

## শিক্ষা কার্যক্রম বিস্তারে সেনাবাহিনীর সাথে বাউবি'র চুক্তি স্বাক্ষরের উদ্যোগ

বাউবি'র ওপেন স্কুল এইচএসসি প্রোগ্রামের মাধ্যমে দেশব্যাপী শিক্ষা বিস্তারে এক নতুন মাত্রা সংযোজন করতে যাচ্ছে। সেনাবাহিনীর জোয়ানদের শিক্ষার আলোয় আলোকিত করার লক্ষ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল বাংলাদেশ সেনাবাহিনীর সাথে চুক্তি স্বাক্ষর করতে যাচ্ছে। পর্যায়ক্রমে বাংলাদেশ বিমান বাহিনী, বাংলাদেশ নৌ-বাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ ও বাংলাদেশ পুলিশ বাহিনীর জোয়ানদেরও ওপেন স্কুলিং-এর আওতায় এইচএসসি প্রোগ্রাম সম্পন্ন করার সুযোগ সৃষ্টির পরিকল্পনা রয়েছে। তাছাড়া ওপেন স্কুল দরিদ্র ও ঝরে পড়া মেয়েদের পুনরায় শিক্ষার আলোয় ফিরিয়ে আনার জন্য Commonwealth of Learning-এর সহায়তায় বিশেষ Lower Secondary /Junior Secondary School প্রোগ্রাম চালুর প্রক্রিয়া শুরু করেছে। পাশাপাশি বাউবিতে Junior Secondary School প্রোগ্রাম চালুর বিষয়ে কার্যক্রম হাতে নেয়া হয়েছে।

## পবিত্র রমজান উপলক্ষে বাউবিতে ইফতার ও দোয়া অনুষ্ঠান



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে কনফারেন্স কক্ষে পবিত্র রমজানুল মোবারক উপলক্ষে গত ৩০ জুলাই মঙ্গলবার ২.৩০ টায় এক দোয়া ও ইফতার মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি'র মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। অনুষ্ঠানে উপাচার্য মহান আল্লাহ রাব্বুল আলামিন-এর দরবারে শুকরিয়া আদায় করে বলেন, মহান আল্লাহ্‌র অশেষ রহমতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলকে নিয়ে এই ইফতারের আয়োজন করা সম্ভব হয়েছে। অনুষ্ঠানে প্রো-উপাচার্য মহোদয় রমজানের তাৎপর্য ও গুরুত্ব নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন। অনুষ্ঠানে দেশ ও জাতির কল্যাণ ও বিশ্ববিদ্যালয়ের উন্নতি কামনা করে দোয়া করেন ভারপ্রাপ্ত পেশ ইমাম হাফেজ মাওলানা আবুল কাশেম। ইফতার বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

## কোয়িকার সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণ প্রদান

উন্মুক্ত ও দূরশিক্ষায় তথ্য প্রযুক্তি ও ই-লার্নিং প্রশিক্ষণের মাধ্যমে বাউবি'র শিক্ষকগণ শিক্ষার্থীদের ডিজিটাল প্রযুক্তির সুবিধা সহজেই প্রদান করতে পারবেন। কোরিয়ান সাহায্য সংস্থা (কোয়িকার) সহযোগিতায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে ২৭ মে, ২০১৩ তারিখে ৪৯ জন শিক্ষকের ১৪ দিনব্যাপী তথ্য প্রযুক্তি প্রশিক্ষণের সমাপণী ও সনদ বিতরণী অনুষ্ঠানে উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান এ কথা বলেন। তিনি আরও বলেন, উন্মুক্ত ও দূরশিক্ষা ব্যবস্থা প্রযুক্তি নির্ভর হলে তা শিক্ষার্থীদের জন্য আরও সহজলভ্য হয়ে উঠবে। আর সে জন্য শিক্ষক-কর্মকর্তা সকলকেই আই.সি.টি বান্ধব হতে হবে। ডিজিটাল প্রযুক্তিতে ও আই.সি.টি-তে কোন অবস্থাতেই পিছিয়ে থাকা যাবে না। বাউবি'র শিক্ষক-কর্মকর্তা ও শিক্ষার্থীদের তথ্য প্রযুক্তি উন্নয়নের লক্ষ্যে কোরীয় সাহায্য সংস্থা কোয়িকা এ প্রকল্পে আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদান করছে। প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন Kim Jae Hwan, Auditor, KOICA Mission, Korea, MS Kim Bok Hee, Resident Representative, KOICA-Bangladesh, প্রো-উপাচার্য প্রফেসর ড. খন্দকার মোকাদ্দেম হোসেন, সিনিয়র কনসালটেন্ট কোয়িকার Dr. Yong Shik Kim। বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ও কোয়িকা এইডেড আই. সি. টি প্রকল্প পরিচালক ড. এম. ফজলে আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সনদ বিতরণ সভায় বাউবি'র শিক্ষক ও বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৩৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বাউবি'র উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান-এর নেতৃত্বে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ বাউবি'র প্রধান ক্যাম্পাসে মহান মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্যে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। উলেখ্য, বাউবি'র গাজীপুরস্থ প্রধান ক্যাম্পাসে প্রখ্যাত শিল্পী অধ্যাপক হামিদুজ্জামান খান এবং প্রখ্যাত শিল্পী আব্দুর রাজ্জাক-এর ডিজাইন অবলম্বনে নির্মিত মহান মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য নির্মাণের কাজ ২১-০৮-২০১১ তারিখে সম্পন্ন করেন। স্মারক ভাস্কর্য নির্মাণের পর প্রথম বারের মতো জাতির জনক বঙ্গবন্ধুর ৩৮ তম শাহাদাত বার্ষিকীতে মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হলো।

## বাউবি'তে ই-লার্নিং সেন্টারের কার্যক্রম শুরু




বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য ডিজিটাল প্রযুক্তিতে ই-লার্নিং সেন্টার চালু করা হয়েছে।

বাউবি'র একাডেমিক প্রোগ্রাম মাঠপর্যায়ে সম্প্রসারণ ও শিক্ষার্থীদের নিকট সহজলভ্য করার লক্ষ্যে ই-লার্নিং সেন্টার সক্রিয়ভাবে কাজ করবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সচিবালয়ের সরাসরি নিয়ন্ত্রণে এ সেন্টার পরিচালিত হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব নেয়ার পর ই-লার্নিং সেন্টার চালুর উদ্যোগ নেন। বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ড. এম. ফজলে আলী-কে ই-লার্নিং সেন্টারের প্রধান হিসেবে দায়িত্ব দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগে ০৭ (সাত) জন আই.সি.টি বিষয়ক কর্মকর্তাকে এ সেন্টারে ন্যস্ত করা হয়েছে।

## বাউবি'র বিভিন্ন পরীক্ষার ফল প্রকাশ

### ডিওয়াইডিডব্লিউ প্রোগ্রাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল পরিচালিত ডিপ্লোমা ইন ইয়্যুথ ইন ডেভেলপমেন্ট ওয়ার্ক (ডিওয়াইডিডব্লিউ) প্রোগ্রামের ১২২ (জুলাই-ডিসেম্বর, ২০১২) টার্মের ১ম সিমেস্টারের পরীক্ষার বিষয়ভিত্তিক ফল প্রকাশিত হয়েছে। পাসের হার ৯৪.১২% ।

### বিএজিএড প্রোগ্রাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএজিএড) প্রোগ্রামের ১২১ (জানুয়ারি-জুন, ২০১২) টার্মের ১ম, ৩য় ও ৫ম সিমেস্টারের পরীক্ষার বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে। পাসের হার ৪৬.৬৭% ।

### এস.এস.সি পরীক্ষা
### পাসের হার ৫৮ দশমিক ৫০

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর অধীনে ২০১১ সালের (আগস্ট-২০১২) এসএসসি প্রোগ্রামের ১ম ও ২য় বর্ষের চূড়ান্ত ফল গত ৭ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে প্রকাশিত হয়েছে। পাসের হার ৫৮ দশমিক ৫০। এ বছর ১ম ও ২য় বর্ষে অংশগ্রহণকারী মোট শিক্ষার্থীর সংখ্যা ছিল ০২ লক্ষ ০১ হাজার ৬ শত ৭৫ জন। চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী (২য় বর্ষ) ৮১ হাজার ৭৩ জন শিক্ষার্থী থেকে মোট ৫২ হাজার ৪শত ৪২ জন শিক্ষার্থী কৃতকার্য হয়। কৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে ১২ জন 'এ প্লাস', ১৯৯৫ জন 'এ' ৯০২৯ জন 'এ মাইনাস', ১৭৯৪৩ জন 'বি', ২২৪০৬ জন 'সি' এবং ১০৫৭ জন শিক্ষার্থী 'ডি' পেয়েছেন। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ২৯১৫২ জন পুরুষ এবং ২৩২৯০ জন মহিলা। পাসের হার পুরুষ ৫৬.৩৩ এবং মহিলা ৬১.৪৭ শতাংশ। উল্লেখ্য, এ বছর ১ম বর্ষের পরীক্ষায় মোট ০১ লক্ষ ২০ হাজার ৬ শত ০২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছে।

## জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ নিবেদন



হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৩৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মসূচি পালিত হয়।

১৫ আগস্ট জাতীয় শোক দিবসের সকালে উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ শাহবাগ প্রজন্ম চত্বরে (জাতীয় যাদুঘরের সামনে) কালো ব্যাজ ধারণ করে ধানমন্ডির ঐতিহাসিক ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের গাজীপুরে মূল ক্যাম্পাসের মসজিদে কোরআনখানি ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে অংশগ্রহণকারীদের মাঝে তবারক বিতরণ করা হয়।

এদিনে দেশব্যাপী বিশ্ববিদ্যালয়ের সকল কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়, কালো পতাকা উত্তোলন করা হয় এবং শোক দিবসের ব্যানার টাঙ্গানো হয়।

## সৈকত নগরী কক্সবাজারে বাউবি'র নিজস্ব ভবন নির্মাণের জন্য জমি অধিগ্রহণ



বিশ্বের দীর্ঘতম প্রাকৃতিক সমুদ্রতট হিসেবে পরিচিত সৈকত নগরী কক্সবাজারে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্থায়ী কো-অর্ডিনেটিং অফিস ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে গত ১০/৯/২০১৩ তারিখে গণপূর্ত মন্ত্রণালয়ের এক সভায় বাউবিকে কক্সবাজার গণপূর্ত বিভাগের সংরক্ষিত প্রাতিষ্ঠানিক জোনের ১৬ নং প্লট যার বি.এস দাগ নং-৩২০৩, পরিমাণ ১৫.২৮ কাঠা অর্থাৎ ০.২৫২১ একর জমি বরাদ্দ দেয়া হয়েছে। কক্সবাজারের বরাদ্দকৃত জমিতে মাননীয় উপাচার্য খুব শীঘ্রই কো-অর্ডিনেটিং অফিস ভবন নির্মাণ কাজের শুভ উদ্বোধন করবেন। সৈকত নগরী কক্সবাজারে বাউবি'র শিক্ষা কার্যক্রমের মাধ্যমে গতিশীলতা বাড়বে। উল্লেখ্য, দেশের প্রতিটি জেলায় ও গুরুত্বপূর্ণ স্থানে বাউবি'র কো-অর্ডিনেটিং অফিস রয়েছে।

## বাউবি লাইব্রেরিতে সান্ধ্যকালীন কার্যক্রম শুরু



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) গাজীপুর ক্যাম্পাসে অবস্থিত লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগে বাউবি'র শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য সান্ধ্যকালীন কার্যক্রম শুরু হয়েছে। উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান ১ সেপ্টেম্বর অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে এ কার্যক্রম উদ্বোধন করেন।

ক্যাম্পাসে বসবাসরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণসহ সকলেই ছুটির দিন ব্যতীত অন্যান্য দিনে বিকাল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত গ্রন্থাগার খোলা থাকায় শিক্ষা সেবা গ্রহণ করতে পারবেন। সান্ধ্যকালীন লাইব্রেরি কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেনসহ বিশ্ববিদ্যালয়ের স্কুলের ডীনবৃন্দ, রেজিস্ট্রার ও পরিচালকগণ উপস্থিত ছিলেন।

**বঙ্গবন্ধুর ৩৮তম শাহাদৎ বার্ষিকী**

## 'আলোকচিত্রে বঙ্গবন্ধু' শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৩৮তম শাহাদৎ বার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে খ্যাতিমান আলোকচিত্র শিল্পী জহিরুল হক-এর তোলা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঘটনাবহুল জীবনের ২২৫টি উল্লেখযোগ্য ছবি নিয়ে বাউবি'র গ্রন্থাগারে ২–৫ সেপ্টেম্বর ৪ দিনব্যাপী প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রদর্শনী উদ্বোধন করে প্রো-উপাচার্য প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন বলেন, বর্তমান প্রজন্মের কাছে বঙ্গবন্ধুর আদর্শ তুলে ধরার জন্য এ ধরনের চিত্র প্রদর্শনী খুবই গুরুত্বপূর্ণ। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনারবাংলা বাস্তবায়নে বর্তমান প্রজন্ম প্রদর্শনী থেকে অনেক কিছু জানতে পারবে।



উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান ও প্রো-উপাচার্য বাণী প্রদান করেন। তথ্য ও গণসংযোগ বিভাগের উদ্যোগে এবং মিডিয়া বিভাগের সহযোগিতায় এ প্রদর্শনীর আয়োজন করা হয়।

## বাউবি'র প্রতিটি অফিসের প্রধান ফটক দৃষ্টিনন্দন করার উদ্যোগ

বিশ্ববিদ্যালয়ের গাজীপুর মূল ক্যাম্পাসসহ ১২টি আঞ্চলিক কেন্দ্র, ৮০টি কো-অর্ডিনেটিং অফিসের প্রধান ফটক একই অবয়বে গড়ে তোলার জন্য উদ্যোগ নেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসকে সুদৃশ্য ও দৃষ্টি নন্দন করার জন্য কর্তৃপক্ষ বাউবি'র অফিসের প্রধান ফটকের কাঠামো অভিন্ন করে ১টি আইডিয়াল মডেলে বিশ্ববিদ্যালয়কে রূপান্তর করার জন্য কর্তৃপক্ষের নির্দেশে বিশ্ববিদ্যালয়ের



ইঞ্জিনিয়ারিং এন্ড এস্টেট বিভাগ এটি বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করছে।

## এমবিএ ও এমপিএ প্রোগ্রামের ওরিয়েন্টেশন ক্লাস উদ্বোধন




বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে ২৩ আগস্ট, ২০১৩ তারিখ বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস পরিচালিত কমনওয়েলথ এক্সিকিউটিভ মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশন (সিমবা) এবং কমনওয়েলথ এক্সিকিউটিভ মাস্টার্স অব পাবলিক এডমিনিস্ট্রেশন (সিমপা) প্রোগ্রামের ১১তম ব্যাচের ওরিয়েন্টেশন ক্লাসের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান শুভেচ্ছা বক্তব্য দেন। এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশেষ অতিথি প্রো-উপাচার্য প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, স্কুল অব বিজনেস-এর ডীন প্রফেসর ড. এ.টি.এম তোফাজ্জেল হোসেন, প্রফেসর ড. মঈনুল ইসলাম, প্রফেসর মোস্তফা আজাদ কামাল এবং রেজিস্ট্রার ড. আবুল হোসেন আহমেদ ভূঁইয়া।

## বাউবি'র মিডিয়া সেন্টারের ডিজিটালাইজেশন শুরু



বাউবি'র মিডিয়া সেন্টারটি এনালগ পদ্ধতি থেকে ডিজিটাল পদ্ধতিতে রূপান্তরের লক্ষ্যে প্রায় কোটি টাকা ব্যয়ে ডিজিটাইজেশন করার উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে প্রায় কোটি টাকা ব্যয়ে ১টি ভিডিও আউটডোর ইউনিট ১টি অডিও আউটডোর ইউনিট ১টি ডিজিটাল এডিট স্যুট ১টি অডিও ওয়ার্ক স্টেশনসহ বেশ কিছু অত্যাধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। মিডিয়া সেন্টারের ২টি স্টুডিও আধুনিকায়ন করাসহ আরও কিছু ডিজিটাল যন্ত্রপাতি সংগ্রহের লক্ষ্যে ১০ কোটি টাকা বর্তমান অর্থ বছরের মিডিয়া সেন্টারের বাজেটে বরাদ্দ রাখা হয়েছে।

## অনুষ্ঠান সম্প্রচার বৃদ্ধিতে বাউবি-বিটিভি আলোচনা

বিটিভির সংসদ চ্যানেলে বাউবি'র শিক্ষা কার্যক্রম সম্প্রচারের জন্য ২১ জুলাই, ২০১৩ রবিবার বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান তাঁর গাজীপুরস্থ অফিসে বিটিভি'র কারিগরি কর্মকর্তাগণের সাথে আলোচনা করেন। এ সময় বিটিভির পক্ষে ইঞ্জিনিয়ারিং ম্যানেজার মোঃ সাইফুল্লাহ, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার হারুন-অর-রশীদ ও টিভি ইঞ্জিনিয়ার মস্তাজ উদ্দিন এবং বাউবি'র পক্ষে মিডিয়া বিভাগের পরিচালক মোঃ কেরামত আলী, উপ-পরিচালক মোঃ নওজেসুর রহমান ও সহকারী পরিচালক রতন ব্যানার্জী উপস্থিত ছিলেন।

## বিশ্ববিদ্যালয়ের মসজিদের উন্নয়ন



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর প্রধান ক্যাম্পাসের মসজিদে মুসুল্লীদের এবাদতের অধিকতর সুবিধা সৃষ্টির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মসজিদকে শীতাতপ নিয়ন্ত্রিত করা হয়েছে। এছাড়াও মসজিদ সংলগ্ন অজুখানা সংস্কারের মাধ্যমে আধুনিকায়ন করা হয়েছে। গত জুলাই মাসে উপাচার্য প্রফেসর এম এ মাননান মসজিদ উন্নয়ন ও সংস্কার কার্যক্রম শেষে এর অগ্রগতি প্রত্যক্ষ করেন।

## ঢাকা আঞ্চলিক কেন্দ্রের উর্ধ্বমূখী উন্নয়ন



বাউবি ঢাকা আঞ্চলিক কেন্দ্রকে চতুর্থ তলা থেকে নবম তলা পর্যন্ত উর্ধ্বমূখী সম্প্রসারণ করা হয়েছে। সম্প্রসারিত স্থাপনায় শ্রেণিকক্ষ, কম্পিউটার ল্যাব. আইসিটি প্রযুক্তি কক্ষ তৈরি করা হয়েছে। কোরিয়ান সাহায্য সংস্থা (কোয়িকার) সহযোগিতায় ঢাকা আঞ্চলিক কেন্দ্রে দুটি Interactive vertual classroom তৈরি করা হয়েছে। এছাড়াও নিচতলায় শিক্ষার্থী পাঠসামগ্রী বিতরণের সুবিধার্থে বিতরণ কাউন্টারের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। একই সাথে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে আধুনিক রিসেপশন সেন্টার নির্মাণ করা হচ্ছে। এর ফলে শিক্ষার্থীরা অধিকতর সুযোগ-সুবিধা ভোগ করতে পারবে।

## গাজীপুর ক্যাম্পাসে স্ট্রীট লাইটিং

বাউবি'র গাজীপুর প্রধান ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও রাতে চলাচলের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ ক্যাম্পাসের অভ্যন্তরে সড়ক বাতি লাগানোর ব্যবস্থা নিয়েছে। কর্তৃপক্ষ রাতের বেলা ভবনসমূহের নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে স্ট্রীট লাইটিং-এর ব্যবস্থা নিয়েছে।

## গাজীপুর ক্যাম্পাসে পরিচ্ছন্নতা অভিযান



বাউবি'র গাজীপুর প্রধান ক্যাম্পাসকে পরিচ্ছন্ন ও দৃষ্টিনন্দন করার লক্ষ্যে পরিচ্ছন্নতা কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এ লক্ষ্যে ক্যাম্পাসের মূল ফটক থেকে শুরু করে বিভিন্ন ভবন সংলগ্ন এলাকার ঝোপঝাড় পরিস্কার করা হয়েছে। এছাড়াও অপ্রয়োজনীয় ও ব্যবহারের অনুপযোগী সামগ্রী নিলামে বিক্রির মাধ্যমে ক্যাম্পাসকে পরিচ্ছন্ন করার উদ্যোগ নেয়া হয়েছে। ব্যাপক পরিচ্ছন্নতার মাধ্যমে বাউবি ক্যাম্পাসের নান্দনিক সৌন্দর্য বৃদ্ধি পাবে।

## বাউবি'তে তথ্য প্রযুক্তি ব্যবহারে গুরুত্ব আরোপ



বাউবি'র প্রশাসনিক ও শিক্ষা কার্যক্রমকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে শিক্ষক ও কর্মকর্তাগণকে ধারাবাহিকভাবে তথ্য প্রযুক্তির উপর প্রশিক্ষণ দেয়া হচ্ছে। একই সঙ্গে বাউবি'র প্রতিটি কো-অর্ডিনেটিং অফিসে ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে। তথ্য প্রযুক্তি ব্যবহার করে দাপ্তরিক যোগাযোগ বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে বাউবি'র প্রতিটি স্কুল, বিভাগ, আঞ্চলিক কেন্দ্র ও কো-অর্ডিনেটিং অফিসে ই-মেইল একাউন্ট খোলা হয়েছে।

## ক্যাফেটেরিয়া চালুর উদ্যোগ

দীর্ঘদিন বন্ধ ও অব্যবহৃত থাকা বাউবি'র ক্যাফেটেরিয়াকে নতুনভাবে চালু করার উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে ক্যাফেটেরিয়ার প্রয়োজনীয় সংস্কার কাজ শেষ করে নতুন আসবাবপত্র স্থাপন করা হয়েছে। অচিরেই টেন্ডারের মাধ্যমে ক্যাফেটেরিয়াটি চালু করা হবে।

## জাপানী শিক্ষক প্রতিনিধি দলের বাউবি পরিদর্শন

জাপানের হিরোশিমা বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট স্কুল ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন এর প্রফেসর ও ভাইস ডীন ড. তাকুইয়া বাবা ও ফ্যাকাল্টি অব এডুকেশন-এর প্রফেসর ড. হিদেকি ইওয়াসিকি এবং জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব ম্যাথমেটিকস্ এডুকেশন এর প্রফেসর ড. হিরো নিনোমিয়া ২২ জুলাই, ২০১৩ তারিখে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শন করেন। পরিদর্শনকালে তাঁরা উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও প্রো-উপাচার্য প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন-এর সাথে উপাচার্যের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাত করেন। উপাচার্য মহোদয় প্রতিনিধি দলকে বাউবি'র শিক্ষা কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। এ সময় অন্যান্যের মধ্যে বোর্ড অব গভর্নরস্-এর সম্মানিত সদস্য ড. মোঃ মোহসীন উদ্দিন উপস্থিত ছিলেন।

## বাংলাদেশ বেতারে বাউবি'র একাডেমিক প্রোগ্রামের অনুষ্ঠানের সময়সীমা বৃদ্ধির উদ্যোগ




বাংলাদেশ বেতারে বাউবি'র অনুষ্ঠান প্রচার সময় বাড়ানো হচ্ছে। বেতারের এফএম ব্যান্ডসহ বেতার অনুষ্ঠানে বাউবি'র প্রোগ্রামের সময়সীমা বাড়ানোর জন্য বাউবি কর্তৃপক্ষ বাংলাদেশ বেতারের সঙ্গে চুক্তিতে আবদ্ধ হতে যাচ্ছে। বেতারে বাউবি অনুষ্ঠানের সম্প্রচারের সময়সীমা এর ফলে বৃদ্ধি পাবে ও সরাসরি অনুষ্ঠান প্রচার করাও সম্ভব হবে।

## মোবাইল মেমোরী কার্ডে বাউবি'র শিক্ষা প্রোগ্রাম

মোবাইল মেমোরী কার্ডে বাউবি'র শিক্ষামূলক অনুষ্ঠান শোনা ও দেখা যাবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুবিধার কথা বিবেচনা করে বিভিন্ন স্কুলের একাডেমিক প্রোগ্রামসমূহ অচিরেই বিশ্ববিদ্যালয়ের মিডিয়া বিভাগের মাধ্যমে মোবাইল মেমোরী কার্ডে রেকর্ড করে শিক্ষার্থীদের নিকট প্রদান করার ব্যবস্থা নেয়া হচ্ছে।



এর ফলে শিক্ষার্থীরা সহজেই নিজ বাড়িতে সুবিধামত সময়ে বাউবি টিভি ও বেতার অনুষ্ঠানগুলো মেমোরী কার্ড ব্যবহার করে দেখা ও শোনার সুযোগ নিতে পারবে। টিউটোরিয়াল ক্লাসে অনুপস্থিত থাকলেও উক্ত ক্লাসের মেমোরী কার্ড সংগ্রহ করে শিক্ষার্থী সুবিধামত সময়ে ঘরে বসে, বাসে, লঞ্চে এমনকি অফিসের অবসরে পাঠ শুনতে পারবে।

## মোবাইল এসএমএস-এর মাধ্যমে বাউবি'র পরীক্ষার ফল জানানোর উদ্যোগ




বাউবি'র কম্পিউটার বিভাগ বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক প্রোগ্রামে ভর্তি, পরীক্ষার ফলাফল, ভর্তি সংক্রান্ত সমুদয় তথ্য মোবাইল এসএমএস এর মাধ্যমে শিক্ষার্থীদের জন্য তথ্য সুবিধা প্রকাশ করবে। চলতি বছরের অক্টোবর মাসেই এ প্রযুক্তিতে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগ শিক্ষার্থীদের পরীক্ষার ফল প্রকাশ করবে।

## YouTube -এ বাউবি'র শিক্ষা প্রোগ্রাম

ইউটিউব-এ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর শিক্ষা প্রোগ্রাম দেখা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ৬টি স্কুলের একাডেমিক প্রোগ্রাম দেখতে হলে Open Bangla লিখে সংশ্লিষ্ট স্কুলের নাম ক্লিক করলে শিক্ষা প্রোগ্রামগুলো শিক্ষার্থীরা দেখতে পাবেন।

## নতুন আঙ্গিকে বাউবি'র ওয়েবসাইট

**www.bou.edu.bd**






বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগ কর্তৃপক্ষের নির্দেশে বাউবি'র ওয়েব সাইট নবরূপে ঢেলে সাজানোর উদ্যোগ নিয়েছে। এর ফলে আনুমানিক ২০০ পৃষ্ঠায় বিশ্ববিদ্যালয়ের সব ধরনের হালনাগাদ তথ্য এখন থেকে ওয়েবসাইটে পাওয়া যাবে। এর পাশাপাশি নতুন একটি ওয়েব সাইটে শিক্ষার্থীদের ই-বুক সেবা প্রদান করা হবে। শিক্ষার্থীরা সহজেই ই-বুক কার্যক্রমের মাধ্যমে পাঠসামগ্রী ডাউনলোড করতে পারবে।

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় : পটভূমি

সকল পর্যায়ের শিক্ষায় জনগণের প্রবেশাধিকার উন্মুক্ত ও ত্বরান্বিত করে দক্ষ জনগোষ্ঠী সৃষ্টির উদ্দেশ্যে ১৯৯২ সালের ২০ অক্টোবর জাতীয় সংসদে গৃহীত আইনের অধীনে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর যাত্রা শুরু হয়। গাজীপুর জেলার বোর্ডবাজার এলাকায় ৩৫ একর জায়গার উপর বাউবি'র সদর দপ্তর অবস্থিত। সদর দপ্তরে রয়েছে একাডেমিক এবং প্রশাসনিক কর্মকান্ডের মূল অফিসসমূহ।

মূল অফিসসমূহের তত্ত্বাবধানে দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ১২টি আঞ্চলিক কেন্দ্র এবং ৮০টি কো-অর্ডিনেটিং অফিসের মাধ্যমে শিক্ষার্থী রেজিস্ট্রেশন, পাঠসামগ্রী বিতরণসহ শিক্ষা বিষয়ক কর্মকান্ড সমন্বয় ও তদারক করা হয়ে থাকে।

সকল পর্যায়ের শিক্ষায় জনগণের প্রবেশাধিকার উন্মুক্ত করার জন্যে বাউবি প্রতিষ্ঠিত হয়েছে। এ ব্যবস্থায় শিক্ষা গ্রহণে শিক্ষার্থীর সময় ও বয়স কোনো বাধা নয়। যে কোনো বয়সের শিক্ষার্থী সুবিধামত এবং প্রয়োজনে দীর্ঘসময় ধরে পড়াশুনা করে শিক্ষা গ্রহণ করতে পারেন।

বর্তমানে মূলতঃ তিনটি মাধ্যমকে অবলম্বন করে বাউবি শিক্ষাদান করে আসছে। মাধ্যমগুলি হচ্ছে– মুদ্রিত পাঠসামগ্রী, মুদ্রিত পাঠসামগ্রীর সম্পূরক হিসেবে টিউটোরিয়াল ক্লাস এবং জাতীয় প্রচার মাধ্যমে সম্প্রচারিত টেলিভিশন এবং রেডিও পাঠ। এ পদ্ধতিতে শিক্ষার্থী মূলত নিজেই শিক্ষা গ্রহণের কাজটি করতে পারেন। শিক্ষার্থী ও শিক্ষকদের মূল সম্পর্ক নিহিত রয়েছে মুদ্রিত পাঠসামগ্রীতে। এছাড়াও তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চালু রয়েছে।

বিশ্ববিদ্যালয় অনুমোদিত স্টাডি সেন্টারসমূহ হচ্ছে বিভিন্ন প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের টিউটোরিয়াল ক্লাস পরিচালনা করার কেন্দ্র। বর্তমানে দেশ জুড়ে ১৩৪১ বেশি স্টাডি সেন্টারে ২১ হাজারেরও বেশি টিউটরের একাডেমিক পরামর্শ ও সহায়তায় প্রায় চার লক্ষাধিক শিক্ষার্থী পাঠ সম্পর্কিত মূল্যবান পরামর্শ ও ব্যাখ্যা গ্রহণ করছেন।

জনগণকে যার যার ক্ষেত্র অনুসারে দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলাই হচ্ছে বাউবি'র মূল লক্ষ্য। মূল লক্ষ্যকে সামনে রেখে বাউবি নিরলস কাজ করে চলেছে।

## এক নজরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

| | | |
|---|---|---|
| মূল ক্যাম্পাস | ঃ | বোর্ড বাজার, গাজীপুর |
| আয়তন | ঃ | ৩৫ একর |
| প্রতিষ্ঠা | ঃ | ১৯৯২ সালের বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন (১৯৯২ সালের ৩৮নং আইন) দ্বারা প্রতিষ্ঠিত |
| স্কুল | ঃ | ৬ |
| প্রশাসনিক বিভাগ | ঃ | ১১ |
| আঞ্চলিক কেন্দ্র | ঃ | ১২ |
| কো-অর্ডিনেটিং অফিস | ঃ | ৮০ |
| স্টাডি সেন্টার ৩১ ডিসেম্বর-২০১২ | ঃ | ১৩৪১ |
| শিক্ষার্থী সংখ্যা, ডিসেম্বর-২০১২ | ঃ | ৪,২৪,০৬৭ |
| আনুষ্ঠানিক প্রোগ্রাম | ঃ | ২৪ |
| অনানুষ্ঠানিক প্রোগ্রাম | ঃ | ১৯ |

## আনুষ্ঠানিক প্রোগ্রামসমূহ

### স্কুল অব এডুকেশন

- মাস্টার অব এডুকেশন (এমএড) প্রোগ্রাম
- ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রোগ্রাম
- সার্টিফিকেট ইন এডুকেশন (সিএড) প্রোগ্রাম

### স্কুল অব সোশাল সায়েন্স, হিউম্যানিটিজ এন্ড ল্যাংগুয়েজ

- ব্যাচেলর অব আর্টস (বিএ) প্রোগ্রাম
- ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স (বিএসএস) প্রোগ্রাম
- ব্যাচেলর অব আর্টস (বিএ), ৪ বছর মেয়াদী অনার্স প্রোগ্রাম
- ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স (বিএসএস) ৪ বছর মেয়াদী অনার্স প্রোগ্রাম
- স্নাতক সম্মান প্রোগ্রাম আইন (৪ বছর মেয়াদী)
- ব্যাচেলর ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (বেল্ট) প্রোগ্রাম
- সার্টিফিকেট ইন এ্যারাবিক ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি (কাল্‌প) প্রোগ্রাম
- সার্টিফিকেট ইন ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি (সেল্‌প) প্রোগ্রাম

### ওপেন স্কুল

- সেকেন্ডারী স্কুল সার্টিফিকেট (এসএসসি) প্রোগ্রাম
- হায়ার সেকেন্ডারী সার্টিফিকেট (এইচএসসি) প্রোগ্রাম
- ব্যাচেলর অব বিজনেস স্টাডিজ (বিবিএস) প্রোগ্রাম

### স্কুল অব বিজনেস


- মাস্টার অব বিজনেস এডমিনিস্ট্রেশন (এমবিএ) প্রোগ্রাম
- কমনওয়েল্‌থ এক্সিকিউটিভ মাস্টার অব বিজনেস এডমিনিস্ট্রেশন (সিমবা) প্রোগ্রাম
- কমনওয়েল্‌থ এক্সিকিউটিভ মাস্টার অব পাবলিক এডমিনিস্ট্রেশন (সিমপা) প্রোগ্রাম
- ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন (বিবিএ) প্রোগ্রাম
- পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট (পিজিডিএম) প্রোগ্রাম
- সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট (সিআইএম) প্রোগ্রাম

### স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি

- ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এন্ড এপ্লিকেশন (ডিসিএসএ)
- বি.এসসি-ইন-নার্সিং প্রোগ্রাম (বিএসএন)

### স্কুল অভ্ এগ্রিকালচার এ্যান্ড রুর‌্যাল ডেভেলপ্‌মেন্ট

- ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বি.এজি.এড) প্রোগ্রাম
- ডিপ্লোমা ইন ইয়্যুথ ইন ডেভেলপ্‌মেন্ট ওয়ার্ক (ডিওয়াইডিডব্লিউ) প্রোগ্রাম
- সার্টিফিকেট ইন লাইভস্টক এ্যান্ড পোল্ট্রি (সিএলপি) প্রোগ্রাম
- সার্টিফিকেট ইন পিসিকালচার এ্যান্ড ফিস প্রসেসিং (সিপিএফপি) প্রোগ্রাম




**Bangladesh Open University: Education Delivery Modus Operandi and Technologies**



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস

প্রচ্ছদ পরিচিতি : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপর ক্যাম্পাসে নির্মিতব্য মূল ফটকের ডিজাইন, মহান মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য ও মিডিয়া সেন্টারের টাওয়ার ।
প্রধান উপদেষ্টা: প্রফেসর ড. এম এ মাননান, উপাচার্য, বাউবি, উপদেষ্টা : প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, প্রো-উপাচার্য, বাউবি, উপদেষ্টা সম্পাদক : ড. এম. ফজলে আলী,
সম্পাদক : মোঃ আবুল কাসেম শিখদার, সম্পাদনা সহযোগী : মশিহুর রহমান চৌধুরী, গ্রাফিক ডিজাইন : মোঃ মনিরুল ইসলাম, কম্পোজ ও কম্পিউটার গ্রাফিক্স : আবদুল মালেক ।
প্রকাশকাল : সেপ্টেম্বর, ২০১৩; প্রকাশক : প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ; ব্যবস্থাপনায় : তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি; ফোন: ৯২৯১১১৯; ওয়েবসাইট: www.bou.edu.bd
মুদ্রণ : বর্ষা প্রাইভেট লিমিটেড, ঢাকা । ০১৭১৬০৮৯২৭৬